# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১০২

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪৩. রঙ্গীন কারুকার্য খচিত পর্দা ব্যাবহার সম্পর্কে।

## باب فِي اتِّخَاذِ السُّتُورِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا فُضَيْلُ بْنُ غَزْوَانَ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَتَى فَاطِمَةَ رضى الله عنها فَوَجَدَ عَلَى بَابِهَا سِتْرًا فَلَمْ يَدْخُلْ قَالَ وَقَلَّمَا كَانَ يَدْخُلُ إِلاَّ بَدَأَ بِهَا فَجَاءَ عَلِيٌّ رَضِيَ اللَّهُ عَنْهُ فَرَآهَا مُهْتَمَّةً فَقَالَ مَا لَكِ قَالَتْ جَاءَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِلَىَّ فَلَمْ يَدْخُلْ فَأَتَاهُ عَلِيٌّ رضى الله عنه فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَاطِمَةَ اشْتَدَّ عَلَيْهَا أَنَّكَ جِئْتَهَا فَلَمْ تَدْخُلْ عَلَيْهَا ‏.‏ قَالَ ‏"‏ وَمَا أَنَا وَالدُّنْيَا وَمَا أَنَا وَالرَّقْمَ ‏"‏ ‏.‏ فَذَهَبَ إِلَى فَاطِمَةَ فَأَخْبَرَهَا بِقَوْلِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَتْ قُلْ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَا يَأْمُرُنِي بِهِ ‏.‏ قَالَ ‏"‏ قُلْ لَهَا فَلْتُرْسِلْ بِهِ إِلَى بَنِي فُلاَنٍ ‏"‏ ‏.‏

বাংলা

৪১০২.উছমান ইবন আবূ শায়বা (রহঃ) .... আবদুল্লাহ ইবন উমার (রাঃ) থেকে বর্ণিত যে, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতিমা (রাঃ) এর গৃহে উপস্থিত হয়ে তাঁর দরজায় একটি কারুকার্য খচিত পর্দা ঝুলতে দেখেন, যে কারণে তিনি ভেতরে প্রবেশ না করে ফিরে আসেন। কদাচিৎ এরূপ হতো যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভেতরে প্রবেশের আগে ফাতিমাকে কিছু জিজ্ঞাসা করতেন না। এ সময় আলী (রাঃ) ঘরে ফিরে ফাতিমা (রাঃ)-কে চিন্তাযুক্ত দেখে জিজ্ঞাসা করেনঃ ব্যাপার কি, তোমার কি হয়েছে? তিনি বলেনঃ আমার কাছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসেছিলেন, কিন্তু তিনি ভিতরে প্রবেশ করেননি।

তখন আলী (রাঃ) তাঁর কাছে গিয়ে বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! আপনি ফাতিমার নিকট গিয়ে ঘরে প্রবশ না করায় তিনি খুবই মর্মাহত হয়েছেন। তখন তিনি বলেনঃ দুনিয়ার সাথে আমার কি সম্পর্ক, কারুকার্যের সাথে আমার কী সম্পর্ক? এরপর তিনি ফাতিমার কাছে গিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বক্তব্য শুনালে, তিনি বলেনঃ আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গিয়ে বলুন, তিনি এ ব্যাপারে আমাকে কি করতে বলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সে যেন তা অমুক লোকের নিকট পাঠিয়ে দেয়।

## English

Narrated Abdullah ibn Umar:

The Messenger of Allah (ﷺ) came to Fatimah and found a curtain hanging at her door, so he did not enter. Whenever he entered (the house), he would visit her first. Then Ali came and found that Fatimah was grieved.

He asked: What is the matter with you? She replied: The Messenger of Allah (ﷺ) came to me but did not enter (the house).

Ali then came to him and said: Messenger of Allah, Fatimah felt it keenly that you came to visit her but did not go in. He replied: What have I to do with this world? What have I to do with prints and figures (on the curtain)? He (Ali) then went to Fatimah and informed her of what the Messenger of Allah (ﷺ) had said.

She said: Ask the Messenger of Allah (ﷺ) what he me to do about it.

He (the Prophet) said: Tell her that she must send it to so-and-so.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36208

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন